West Bengal Form No. 27

548

# FIRST INFORMATION REPORT
(Under Section 154 Cr. P.C.)

1. Dist. Jalpaiguri P.S. NJP Year 2023 FIR No. 743/23 Date 01.8.23
2. i) Act IPC Sections 408/420/38 IPC ii) Act ........ Sections ........
iii) Act ........ Sections ........ iv) Others Acts & Sections ........
3. (a) Occurrence of offence : Day ........ Date From Since long Date To 19.7.23
Time Period ........ Time From ........ Time To ........
(b) Information received at P.S. Date 01.8.23 Time 00:45 hrs
(c) General Diary Reference : Entry No (s) 6 Time 00:45 hrs
4. Type of Information ........ Time ........ Written / Oral
5. Place of Occurance : (a) Direction and Distance from P.S. ........ Beat No. ........
(b) Address Fulbari Bazar, P.S. NJP, Dist. Jalpaiguri
(c) In case outside limit of this Police Station, then the NJP
Name of the P.S. ........ District ........
6. Complainant / Informant :
(a) Name Mithun Bhattacharjee
(b) Father's / Husband's Name ........
(c) Date / Year of Birth ........ (d) Nationality Indian
(e) Passport No. ........ Date of Issue : ........ Place of Issue ........
(f) Occupation ........
(g) Address Sreebas Colony, PO. Salugara, Dist, P.S. NJP, Dist. JPG
7. Details of known / suspected / unknown accused with full particulars (Attach separate sheet, if necessary)
Dedayan Das s/o not noted of Subhash Pally, PS. Siliguri, Dist. Darjeeling A/R Medical more.
8. Reasons for delay in reporting by the Complainant / Information
9. Particulars of properties stolen / involved (Attach separate sheet, if necessary) :
10. Total value of properties stolen / involved ........
11. Inquest Report / U.D. Case No. If any NIL
12. FIR Contents (Attach separate sheets, if required) : The original written complaint which is treated as FIR is reproduced verbatim.
01/08/2023
13. Action Taken : Since the above report reveals commission of offence(s) as mentioned at item No. 2, Registered the case and took up the investigation / directed SI Dipankar Chakraborty of NJP PS. to take up the investigation / refused investigation / transferred to P.S. ........ on point of jurisdiction. FIR read over to the Complaint / Informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant / Informant free of cost.
On the original written complaint.
01/08/2023.

14. Signature / Thumb impression of the Complainant / Informant

Signature of the Officer-in-Charge, Police Station
Name : PARTHA SARATHI DAS
Rank ; No. SI OF POLICE
OC NJP PS, SDL

15. Date & Time of despatch to the court :

প্রতি

ইন্সপেক্টর ইনচার্জ

নিউজলপাইগুড়ি থানা

নিউজলপাইগুড়ি, শিলিগুড়ি

তারিখ: 31/07/2022

বিষয়:- চুরি, আর্থিক দুর্নীতি, ষড়যন্ত্র, প্রতারণা, প্রমাণ লোপাট, হয়রানি ও সম্মানহানির চেষ্টার বিরুদ্ধে অভিযোগ পত্র।

মহাশয়

আমি মিঠুন ভট্টাচার্য, শ্রীবাস কলোনি, পোস্ট - সাহুডাঙ্গী হাট, থানা- নিউ জলপাইগুড়ি, জেলা জলপাইগুড়ির স্থায়ী বাসিন্দা। আমার "আশীর্বাদ এজেন্সি" নামক একটি ব্যবসায়িক প্রতিষ্ঠান রয়েছে। যার অফিস ফুলবাড়ি বাজার সংলগ্ন এলাকায়।

সেই অফিস থেকে "তিরুপতি কুরিয়ার সার্ভিস প্রাইভেট লিমিটেড" নামক একটি কোম্পানির পরিষেবা প্রদান মূলক কাজ করা হয়। সেখানে মৌখিক চুক্তির ভিত্তিতে দেবায়ন দাস নামের একজন অস্থায়ী কর্মী নিয়োগ করা দিলো। সে শিলিগুড়ির সুভাষপল্লী এলাকার বাসিন্দা। বর্তমানে সে মেডিকেল মোড় সংলগ্ন এলাকায় নিজের শশুর বাড়িতেই থাকে বলে জানি।

সে কর্মরত থাকা অবস্থায় গ্রাহকদের পক্ষ থেকে তার বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ আসে। খোঁজ নিয়ে কয়েক মাসের হিসেবে গরমিল দেখতে পাই। হিসেব চাওয়া হলে মে মাসের ২৩ তারিখ সে কাজ ছেড়ে চলে যায়। এছাড়াও হিসেব চাওয়া হলে আমার এক্তিয়ার নিয়েও সে প্রশ্ন তোলে। অফিসের চাবি আটকে রাখে। এতে আমি আইনের দ্বারস্থ হবো বলে তাকে জানাই। এরপর বহু কষ্টের পর তার থেকে অফিসের চাবি সংগ্রহ করতে পারি। কিন্তু অফিস খুলে দেখতে পাই সে অফিসের হিসেবের খাতাসহ বহু মূল্যবান সামগ্রী চুরি করে বাড়িতে নিয়ে চলে গিয়েছে। হিসাব চাওয়া হলে সে মেসেজে পরিষ্কার হিসেবের বইপত্র জমা দেবে না বলে লিখে পাঠায়।

এরপর ৩০ মে পুনরায় প্রশাসনের ভয় দেখানোর পর গত জুন মাসের ৬ তারিখ কয়েকটি খাতা এবং কিছু সামগ্রী ফেরত দেয়। দুটি রশিদ বই জমা দেয়নি এবং দিতে অস্বীকার করেছে। হিসেব না বুঝিয়ে চলে যাওয়ার পর আর সে যোগাযোগ করেনি।

আমি মে মাসে আনুমানিক ধারণা থেকে অফিসের প্রায় ৭০-৮০ হাজার টাকার হিসেবে গোলমাল লক্ষ করেছিলাম। এই মর্মে তাকে হোয়াটসঅ্যাপে লিখে জানাই। দেবায়ন তার কোনো উত্তর দেয়না বা বিপক্ষেও কিছু জানায়নি। সে জমা দেওয়া রিসিভ কপির বই গুলোতে সংগৃহীত অর্থ, গ্রাহকদের ফোন নম্বর সহ বহু তথ্য মুছে দেয়। সেই কারণে আমার পক্ষে সঠিক হিসেব বের করা কোনো ভাবেই সম্ভব হচ্ছে না। তাকে বার বার হিসেব বুঝিয়ে যেতে বললেও সে তা করেনি। বরং যোগাযোগ না রেখেও তিরুপতি কোম্পানির নাম করে বিভিন্ন গ্রাহকের সঙ্গে লেনদেন করতে থাকে বলে অভিযোগ পাই।

এরপর থেকে ক্রমাগত সে তিরুপতি কুরিয়ারের গ্রাহকদের থেকে পার্সেল সংগ্রহ করেছে। এবং সেই সমস্ত পার্সেল আমাদের না জানিয়ে অন্য কোম্পানিতে পাঠিয়েছে। তাকে বার বার গ্রাহকদের সঙ্গে লেনদেন করতে নিষেধ করা হলেও সে তাতে কর্ণপাত

করেনি। এতে গত কয়েক দিনে বেশ কিছু গ্রাহক আমাদের দিকে অভিযোগের আঙুল তুলেছে। কোম্পানির দিক থেকেও আমাকে অভিযুক্ত করে শাস্তি প্রদানের কথা বলা হয়েছে।

এরপর বাধ্য হয়ে আমি প্রশাসনের দ্বারস্থ হই। কিন্তু সে এবং তার হয়ে অন্য একটি মহল এরপর সমাজের বিভিন্ন মানুষের কাছে আমার নামে কুৎসা ছড়াতে থাকে। গত ১৯ তারিখ আমি প্রশাসনের কাছে অভিযোগ জানানোর চেষ্টা করতে অনেকের সামনে দেবায়ন দুই - এক দিনের মধ্যে হিসেব বুঝিয়ে দিবে বলে কথা দেয়। কিন্তু আজ পর্যন্ত আমি হিসেব বুঝে পাইনি। তাকে বার বার সংগৃহিত অর্থের হিসেব লিখে দিতে বলা হলেও সে সেটা দেয়নি। বরং দিন প্রতিদিন আমার সম্বন্ধে বিভিন্ন মানুষকে ভুল বোঝানো হচ্ছে।

তাই এতসব ছল চাতুরীর পর আমি সরাসরি দেবায়নের বিরুদ্ধে চুরি, প্রতারণা, আর্থিক দুর্নীতি, ষড়যন্ত্র , প্রমাণ লোপাট, সম্মানহানি ও হয়রানি করা সহ বেশ কিছু অভিযোগে আপনার শরণাপন্ন হলাম। তদন্ত-পূর্বক দোষীর উপযুক্ত শাস্তি কামনা সহ আমার পাওনা পাইয়ে দেওয়ার অনুরোধ করছি।

ধন্যবাদের সহিত

মিঠুন ভট্টাচার্য

Mithun Bhattacharya
31/07/2023
9641115809

আশীর্বাদ এজেন্সি

Received on 01.8.23 at 0045 hrs. vide GDE No. 8 dt. 01.8.23 and started NJP PS Case No. 743/23 dt. 1.8.23 u/s 408/420/381 IPC and endorsed to SI Dipankar Chakraborty of NJP PS. for its investigation

01/08/2023.
Officer-In-Charge
New Jalpaiguri Police Station
Siliguri Metropolitan Police